

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 03.10.2024

Time: 7-35 A.M

বিশেষ বিশেষ খবর -

- ১) বাঁশদ্রোগী কান্ডে এক বিজেপি নেত্রী সহ পাঁচজনকে গ্রেফতার করেছে পুলিশ।
দলীয় কর্মীর গ্রেফতারিয়ের প্রতিবাদে থানার সামনে বিক্ষোভ বিজেপির।
- ২) আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায়
ন্যায়বিচারের দাবিতে প্রয়োজন হলে তাঁরা দিল্লীতে যাবেন বলে জুনিয়র চিকিৎসকরা
জানিয়েছেন।
- ৩) ১১২ ফুটের দুর্গা প্রতিমা নিয়ে টানাপোড়েনের মধ্যেই পুজো বন্ধ রাখার
সিদ্ধান্ত নিয়েছে নদীয়ার ধানতলা থানার কামালপুরের একটি ক্লাব।
- ৪) উৎসবের দিনগুলিতে শান্তিশৃঙ্খলা রক্ষায় পুলিশের সঙ্গে সমন্বয় রাখার জন্য
পুজো উদ্যোগাদের প্রতি আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।
- ৫) উত্তর বঙ্গেপোসাগরে নিম্নচাপের সম্ভাবনার প্রেক্ষিতে রাজ্যজুড়ে ফের বিক্ষিপ্তভাবে
বৃষ্টির পূর্বাভাস।
- ৬) কেন্দ্রীয় সরকার সুতো কাটাই ও তাঁত শিল্পীদের মজুরী বৃদ্ধি করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ কলকাতার বাঁশদ্রোগীর দীনেশপল্লীতে জেসিবি-র ধাক্কায় ছাত্র মৃত্যু এবং জনতা পুলিশ খণ্ডযুদ্ধের পর বিজেপি নেত্রী রূবি মন্ডল সহ পাঁচজনকে গ্রেফতার করা হয়েছে। গতকাল সাধারণ মানুষের সঙ্গে প্রতিবাদে সামিল হয়েছিলেন রূবিও। এরপরই পুলিশের বিরুদ্ধে উক্সানি দেওয়ার অভিযোগে তাকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়। প্রতিবাদে গতরাতে বাঁশদ্রোগী থানায় যান বিজেপি নেত্রী রূপা গাঙ্গুলী।

অন্যদিকে থানার বাইরে বিক্ষোভ দেখান দলীয় কর্মী সমর্থকেরা। পড়ুয়ার মৃত্যুর জন্য যারা দায়ী, তারা ধরা না পড়া পর্যন্ত থানায় বসে থাকার হঁশিয়ারী দেন রূপা।

(বাইট - রূপা)

নরেন্দ্রপুর থানা এলাকার বাসিন্দা সৌম্য শীল নামে নবম শ্রেণীর ওই পড়ুয়াকে গতকাল সকালে কোচিং সেন্টারে যাওয়ার পথে ধাক্কা মারে পে লোডারটি। গাছের সঙ্গে তাকে পিষে দেওয়া হয়। মাথায় গুরুতর আঘাত নিয়ে হাসপাতালে নিয়ে যাওয়া হলেও তাকে বাঁচানো যায়নি। এরপরই রণক্ষেত্রের চেহারা নেয় গোটা এলাকা। পে লোডারে ভাঙ্গুর করেন উত্তেজিত জনতা। পাটুলি থানার ওসি ঘটনাস্থলে পৌছলে তিনি জনরোধের মুখে পড়েন। কাদাজলে তাকে দাঁড় করিয়ে বিক্ষোভ দেখান স্থানীয়রা। দীর্ঘ ৭ ঘন্টা তাঁকে আটকে রাখা হয়। সাউথ সাবারবান পুলিশের স্পেশাল ফোর্স ওসিকে উদ্ধার করতে গেলে জনতা-পুলিশ খণ্ডযুদ্ধ বাধে। এরপরই একদল লোক বিক্ষোভের মধ্যে ঢুকে ওসিকে উদ্ধার করে। বিক্ষোভকারীদের তারা মারধোরও করে বলে অভিযোগ। তাদের মধ্যে একজন নিজেকে বিজেপি কর্মী বলে পরিচয় দেয়। যদিও স্থানীয়দের দাবি, রাজু বসু নামে ওই ব্যক্তি কাউন্সিলর অনিতা কর মজুমদারের ঘনিষ্ঠ। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ছাত্র মৃত্যুর পর থেকে এলাকায় দেখা মেলেনি কাউন্সিলরের। রাস্তার বেহাল দশা নিয়েও ক্ষুঁক্ষু তাঁরা।

বিকেলে কলকাতা পুলিশের ডিসি, (দক্ষিণ শহরতলি) বিদিশা কোলিতা দাশগুপ্ত এবং অ্যাসিস্ট্যান্ট কমিশনার প্রদীপ ঘোষাল অকুশ্লে পৌঁছালে তাদের ঘিরেও বিক্ষেপ দেখানো হয়। কাউন্সিলারের সঙ্গে দেখা করার দাবি জানাতে থাকেন তারা।

জে সি বি-র চালক প্লাটক। তাঁর সন্ধান চলছে। এলাকায় মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

এদিকে, পুলিশকে বিক্ষেপের হাত থেকে বাঁচানোর জন্য তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীরাই এগিয়ে এসেছেন বলে সিপিআই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী দাবি করেছেন।

(বাইট - সুজন)

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, এই ঘটনা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তবে, কিছু মানুষ একে কেন্দ্র করে অরাজকতা সৃষ্টি করতে চাইছে।

(বাইট - কুনাল)

উল্লেখ্য, বাঁশদ্রোনী থানায় এই ঘটনায় চারটে এফআইআর দায়ের হয়েছে। রাতেই বাঁশদ্রোনী থানায় যান কলকাতা পুলিশ কমিশনার মনোজ বর্মা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় ন্যায়বিচারের দাবিতে প্রয়োজন হলে তাঁরা দিল্লীতে যাবেন বলে জুনিয়র চিকিৎসকরা জানিয়েছেন। গতকাল ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর্স ফ্রন্টের ডাকে কলেজ স্ক্যোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মহা মিছিলে অংশ নেন সমাজের সর্বস্তরের মানুষ। ধর্মতলায় সভা মঞ্চ থেকে জুনিয়ার ডাক্তারদের তরফে দেবাশিষ হালদার বলেন, তাদের আন্দোলনের অভিমুখ শুধুমাত্র রাজ্য সরকারই নয়, সিবিআই-এর দিকেও।

(বাইট - ডাক্তার)

আগামীদিনে আন্দোলন আরও তীব্র করার হঁশিয়ারী দিয়ে দেবাশিষ বলেন, রোগী চিকিৎসক সকলেই একদিকে রয়েছেন। কর্মবিরতির পথ থেকে যদি সরতেই হয়, তবে নৈতিক জ্ঞান শুনে নয়, সাধারণ মানুষের কথা ভেবেই তাঁরা সেই সিদ্ধান্ত নেবেন।

গতকাল এই কর্মসূচিতে সামিল হন সিনিয়ার চিকিৎসকেরাও। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডট্র্সের তরফে পুন্যব্রত গুণ বলেন, দাবি-দাওয়া পুরণ না হওয়াতে জুনিয়ার চিকিৎসকেরা ফের কর্ম বিরতিতে সামিল হয়েছেন।

সত্তা শেষে বাবুঘাটে জোড়ো হয়ে এক হাজার প্রদীপ জ্বালিয়ে প্রতিবাদে জানান জুনিয়ার চিকিৎসকেরা। এরপর সেই প্রদীপ গঙ্গায় ভাসিয়ে দেওয়া হয়।

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতাল চত্বরে রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে গতকাল নির্যাতিতার স্মৃতিতে তাঁর প্রতিকৃতি স্থাপন করা হয়।

পুরুলিয়ার শহরের ট্যাক্সি স্ট্যান্ডে গতকাল আর জি করের নির্যাতিতার নির্যাতিতার বিচার চেয়ে পথে নামেন শিল্পীরা। গান ও পথ নাটকার মাধ্যমে প্রতিবাদে সামিল হন তাঁরা।

বারাসাত ও শিলিগুড়িতে গতরাতে মশাল মিছিলের আয়োজন করা হয়।

অন্যদিকে, উত্তর ২৪ পরগনার পানিহাটিতে দণ্ডমহোৎসবতলা ঘাটে মহালয়ার দিন নির্যাতিতার নামে তর্পন করে প্রতিবাদ জানান নাগরিক মঞ্চের সদস্যরা।

শিলিগুড়িতেও একইভাবে এক স্বেচ্ছাসেবী সংস্থার ৩০ জন মহিলা সদস্য দোষীদের শাস্তির দাবিতে তিলোত্মার নামে তর্পন করেন।

জলপাইগুড়ির কদমতলা মোড়ে গতকাল সন্ধে থেকে রাত পর্যন্ত নাচ-গান-কবিতা ও পথ নাটকার মাধ্যমে প্রতিবাদী উৎসব পালন করে জলপাইগুড়ি নাগরিক সংসদ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

১১২ ফুটের দুর্গা প্রতিমা নিয়ে টানাপোড়েনের মধ্যেই পুজো বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে নদীয়ার ধানতলা থানার কামালপুরের একটি ক্লাব। গতকাল মহালয়ার দিনেই একথা ঘোষণা করে ক্লাব কর্তৃপক্ষ। তাঁরা জানিয়েছেন, প্রশাসনিক অসহযোগিতার কারণেই বাধ্য হয়েই এই সিদ্ধান্ত। হাইকোর্টে মামলা প্রত্যাহারের জন্যও আবেদন জানানো হচ্ছে।

উল্লেখ্য, পঞ্চাম তম বর্ষের পুজোয় ১১২ ফুটের দুর্গাপ্রতিমা গড়ার জন্য
গত তেসরা সেপ্টেম্বর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুমতি চায় ওই ক্লাব। মুখ্যমন্ত্রী মমতা
ব্যানার্জি ওই মণ্ডপের জন্য অনুমতি দেওয়া উচিত নয় বলার পরই পুলিশ এই প্যান্ডেল
তৈরিতে বাধা দেয় বলে অভিযোগ। এরপরই হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন ক্লাব
কর্তৃপক্ষ। এব্যাপারে কলকাতা হাইকোর্ট, জেলাশাসককে সিদ্ধান্ত নিতে বললেও
সদর্থক কোনো পদক্ষেপ নেওয়া হচ্ছে না বলে ক্লাবের সদস্যদের অভিযোগ।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আসন্ন উৎসবের দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পুজো উদ্যোগাদের পুলিশের সঙ্গে সমন্বয় বজায় রাখার উপর জোর দিয়েছেন। কলকাতায় গতকাল তৃণমূল কংগ্রেসের দলীয় মুখ্যপত্র জাগো বাংলার উৎসব সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, এখন শুধুমাত্র কলকাতায় নয়, জেলাতেও বড় বড় পুজো আয়োজন করা হচ্ছে। সেখানে বহু মানুষের ভিড় হয়। পুজো সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে পুলিশের সঙ্গে উদ্যোগাদের লাগাতার সমন্বয় রক্ষা প্রয়োজন।

(বাইট - মুখ্যমন্ত্রী)

এদিন মুখ্যমন্ত্রী নিজের কথা ও সুরে দশটি গানের একটি পুঁজো অ্যালবামও প্রকাশ করেন। অঞ্জলি নামের ওই অ্যালবামে গান গেয়েছেন, ইন্দ্রনীল সেন, শ্রীরাধা বন্দোপাধ্যায়, নচিকেতা চক্রবর্তী, রাঘব চট্টোপাধ্যায়, অদিতি মুঙ্গি, দেবজ্যোতি বসুর মত শিল্পীরা।

এর আগে মুখ্যমন্ত্রী হাতিবাগান সর্বজনীনের পুজো উদ্বোধন করেন। তিনি মানুষকে বানভাসি এলাকার মানুষের পাশে থাকার আর্জি জানান। রাজ্যজুড়ে এদিন প্রায় ১ হাজার পুজোর উদ্বোধন করেন তিনি।

oooooooooooooooooooo

উত্তর বঙ্গোপসাগরে নিম্নচাপের সম্ভাবনার প্রক্ষিতে রাজ্যজুড়ে ফের বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাষ আবহাওয়া দফতরের। আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন -

(বাইট - সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার সুতো কাটাই এবং তাত শিল্পীদের মজুরি বৃদ্ধি করেছে। কেন্দ্রীয় অতিক্ষুত্র, ক্ষুত্র ও মাঝারি শিল্পদ্যোগ মন্ত্রক জানিয়েছে, স্পিনার অর্থাৎ যারা চরকায় সুতো কাটে তাঁদের মজুরিতে 25শতাংশ এবং তাঁতীদের মজুরিতে সাত শতাংশ বৃদ্ধি গতকাল থেকে কার্যকর হয়েছে।

গত মাসের ১৭ তারিখ একথা ঘোষণা করা হয়েছিল। খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের চেয়ারম্যান মনোজ কুমার জানিয়েছেন, গত এক দশকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমলে মজুরি প্রায় ২১৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে। খাদির পণ্যে ২০ শতাংশ এবং গ্রামীণ শিল্পের পণ্যে ১০ শতাংশ ছাড় দেওয়ার কথাও ঘোষণা করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বন্যা নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ সরকার যথেষ্ট পদক্ষেপ নেয়নি বলে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিল দাবি করেছেন। এই নিয়ে সম্প্রতি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি লিখেছেন তিনি। তাঁর দাবি, রাজ্য সরকার এখনও পর্যন্ত বন্যাপ্রবণ এলাকা চিহ্নিত করার কাজ করেনি। কোন এলাকা কতখানি বন্যাপ্রবণ তা নির্ণয় করে বসতি এবং উন্নয়নের কাজ নিয়ন্ত্রণ করলে ক্ষয়ক্ষতির পরিমাণ কম হয় বলে তিনি জানিয়েছেন। তাঁর অভিযোগ কেন্দ্রীয় সরকার বারংবার বলার পরও রাজ্য সরকার তাতে কর্ণপাত করেনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০